ঢাকা ওয়াসা

১) ২০২৫-২৬ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
২) প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।
৩) অনুমোদিত দরের কপি।
৪) ক্যালকুলেশন।
৫) প্রাক্কলন।

বিষয়ঃ Mass Cleaning of sewer line & manhole at Dhanmondi road no-2/A, 3/A, 4/A, 5/A, 6/A, 7/A, 8/A and 9/A area under MODS Zone-3, Dhaka WASA. অনুমোদন প্রসঙ্গে।

১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ এর আওতাধীন ধানমন্ডি রোড নং- ২/এ, ৩/এ, ৪/এ, ৫/এ হতে রোড নং-৯/এ সহ সাত মসজিদ রোড এলাকায় ঢাকা ওয়াসার পয়:লাইন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা সংশ্লিষ্ট এলাকার গ্রাহকগণের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সেবা প্রদানের মাধ্যমে ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। বর্ণিত এলাকার পয়ঃলাইন সমূহ দীর্ঘ দিনের পুরাতন এবং জরাজীর্ণ অবস্থায় আছে। ফলে উক্ত এলাকা হতে প্রায়ই সুয়্যার ওভার-ফ্লো এর অভিযোগ আসে। এতে গ্রাহক অসন্তুষ্টিসহ পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্বক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। সঠিক পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে **জরুরী ভিত্তিতে স্যুয়ার লাইন ও ম্যানহোল মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন।**

২) উপরোক্ত বর্ণনার আলোকে বর্ণিত এলাকা বিদ্যমান পয়ঃলাইন মাস ক্লিনিং কাজে প্রয়োজনীয় সংখ্যক স্যুয়ার ক্লিনার নিয়োজিত করার জন্য অনুমোদিত দর (সংযুক্ত ক্রঃ নং-৩ দ্রঃ) অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে **৳ ২,৯২,৮০০/- (দুই লক্ষ বিরানব্বই হাজার আটশত)** টাকা মাত্র (সংযুক্ত ক্রঃ নং-৫ দ্রঃ)। কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০১(১) মোতাবেক Force Account অনুসরনে বাস্তবায়ন করা যেতে পারে। **ঢাকা ওয়াসায় গঠনকৃত টাস্কফোর্স টীম-০২ কর্তৃক বর্ণিত মাস ক্লিনিং কাজটি মনিটরিং করা হবে।** উক্ত কাজ শেষে ব্যয়কৃত টাকা অনুমোদিত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ (বাজেট কোড নং- 01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং- B-2(13) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজের আর্থিক ও প্রশাসনিক অনুমোদন ক্ষমতা **"ব্যবস্থাপনা পরিচালক"** মহোদয়ের আওতাধীন।

৩) এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে **Mass Cleaning of sewer line & manhole at Dhanmondi road no-2/A, 3/A, 4/A, 5/A, 6/A, 7/A, 8/A and 9/A area under MODS Zone-3, Dhaka WASA.** শীর্ষক কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ৳২,৯২,৮০০.০০ (দুই লক্ষ বিরানব্বই হাজার আটশত) টাকার প্রাক্কলনটি অনুমোদন;

খ) আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০১(১) অনুযায়ী **"Force Account"** অনুসারে বাস্তবায়নের অনুমোদন এবং;

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার **“পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ”** (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং B.2(13) হতে নির্বাহ করার অনুমোদন।

উপস্থাপিত প্রস্তাব সমূহ **"ব্যবস্থাপনা পরিচালক"** মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

03/12/25
অনুপমা খসরু লিজা
উপ-সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-৩, ঢাকা ওয়াসা।

AE 03.12.25
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-৩, ঢাকা ওয়াসা।

EE 3.12.25
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মড্‌স জোন-৩, ঢাকা ওয়াসা।

SE, MODS Circle-1

08/12/25
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্‌স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

DMD (O&M) Sir
মোঃ মুস্তাফিজুর রহমান
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা।

উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ

CE

অনুমোদিত

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

SE, MODS-1

22/12/25
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

EE(Z-3)